

3 (Sem-1) BEN L

2017

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) কালকেতু দেবী চঞ্জীর কাছ থেকে কত ঘড়া ধন লাভ  
করেছিলেন ?

(খ) “শয়ন কুৎসিত বীরের ভোজন \_\_\_\_\_।”  
( শূন্যস্থান পূর্ণ করো )

(গ) “দেবকার বিশ্বকর্মা তার পুত্র দারুবর্মা  
শিরে ধরে চণ্ডিকার পান।  
সঙ্গে বন্ধু জ্ঞাতি নাতি উজাগর করি রাতি  
নানা চিত্র করএ নির্মাণ॥”

পদ্যাংশটি কোন্ পর্ব থেকে নেওয়া হয়েছে ?

(১) হাটপত্তন

(২) কালকেতুর গৃহ নির্মাণ

(৩) গুজরাট নগর নির্মাণ

(৪) বিশ্বকর্মার প্রাসাদ নির্মাণ

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

8A/309

( Turn Over )

- (ঘ) “মাতঙ্গ পড়িলে দরে।” ‘দরে’ শব্দের অর্থ কী ?
- (ঙ) কাশীতে অন্নপূর্ণাপুরী নির্মাণের জন্য কে বিশ্বকর্মা কে আদেশ করেছিলেন ?
- (চ) “একের কপালে রহে আরের কপাল দহে  
আগুনের কপালে আগুন।”  
কার উক্তি ?
- (ছ) “আর দিন তাহে হাসেন গোঁসাই।  
ও দিন ওদন বিনা ভাল লাগে নাই॥”  
‘ওদন’ কাকে বলে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) কে, কার স্বন্ধে ছাগমুণ্ড কেটে লাগিয়ে দিয়েছেন ?
- (খ) “তোর গুণধর যত কারিকর  
হইবে দুঃখীর বেগার।”  
কে, কাকে একথা বলেছেন ?
- (গ) “নেউগী চৌধুরী নই না করি তালুক।”  
বক্তা কে ? ‘কবিকঙ্কণ চণ্ডী’র কোন্ অংশে এই উক্তিটি  
আছে ?
- (ঘ) “আমার বচন শুন খুড়ারে ডাকিয়া আন  
মনে কিছু না করহ শঙ্কা।”  
কে, কাকে ‘খুড়া’ বলেছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) কলিঙ্গরাজের সেনার সঙ্গে কালকেতুর যুদ্ধ-বিবরণ  
সংক্ষেপে লেখো।
- (খ) কালকেতুর অঙ্গুরী বিক্রয় বৃত্তান্তটির বিবরণ দাও।
- (গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :  
“বিষকণ্ঠ মোর স্বামী সহিতে না পারি আমি  
পঞ্চমুখে মোরে দেয় গালি।  
একে সতীনের জ্বালা কত সহে অবলা  
পরিতাপে হয়্যা গেনু কালী॥”

(চণ্ডীর পরিচয় দান)

- (ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :  
“ধড়ে মুণ্ড নাই দক্ষ দেখিতে না পায়।  
উঠে পড়ে ফিরে ঘুরে কবন্ধের প্রায়॥”
- (ঙ) কাশীতে শিব কেন ব্যাসদেবের ভিক্ষা বারণ করেছিলেন তা  
লেখো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি  
প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) তোমার পঠিত অংশ অবলম্বনে ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে  
কালকেতু-ফুল্লরার বিবাহকে কেন্দ্র করে যে সমাজচিত্র ফুটে  
উঠেছে তার বিবরণ দাও।

( 4 )

- (খ) 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের অন্তর্গত কালকেতু-স্বর্ণগোধিকা  
বৃত্তান্তটির বিবরণ দাও।
- (গ) তোমার পঠিত অংশ অবলম্বনে 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের  
ভাঁড়ুদত্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে হাস্যরস সৃষ্টিতে রায়গুণাকর  
ভারতচন্দ্রের কৃতিত্ব বিচার করো।
- (ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাসদেব চরিত্রটি বিশ্লেষণ করো।
- (চ) কী কী কারণে ভারতচন্দ্র 'যুগসন্ধির কবি' হয়ে উঠেছেন  
তা তোমার পঠিত 'অন্নদামঙ্গল' কাব্য থেকে দৃষ্টান্ত দিয়ে  
বোঝাও।

\*\*\*